

৮ⁿ

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং- ১৯/মুসক/২০১৯

তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ।
০১ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মুসক এজেন্ট নিয়োগের লক্ষ্যে পরীক্ষার সিলেবাস নির্ধারণ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৬ এর উপ-বিধি (৪) এর উদ্দেশ্য পূরণ কল্পে জাতীয় রাজস্ব বোর্ড, মুসক এজেন্ট নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত নিম্নরূপ সিলেবাস প্রণয়ন করিল, যথা:-

| ক্রমিক | বিষয় | নম্বর |
|--------|--|-------|
| ১. | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ | ৩০ |
| ২. | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ | |
| ৩. | উক্ত আইন ও বিধিসমূহের অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ | |
| ৪. | Customs Act, 1969 ও এর অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ এবং সংশ্লিষ্ট আইন ও বিধি | ২০ |
| ৫. | Income Tax Ordinance, 1984 | ১০ |
| ৬. | Foreign Exchange Regulations Act, 1947 Import and Export Control Act, 1950 Money Laundering Prevention Act, 2012 Copyright Act, 2000 and Intellectual Property Rights Merchandise Marks Act, 1889 Public Demand Recovery Act, 1913 Anti-Corruption Commission Act, 2004 আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) | ২০ |
| ৭. | সাধারণ গণিত | ১০ |
| ৮. | বাংলা ও ইংরেজি | ১০ |

শফিকুর রহমান
০৪/০৮/১৯
মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। পরীক্ষার সময় হইবে তিনঘণ্টা। জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ নির্দেশনা না থাকিলে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবেন।

০৩। মৌখিক পরীক্ষা ২০ নম্বরের হইবে। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য পদ মর্যাদার নিম্নে নহে, এমন প্রতিনিধি অন্তর্ভুক্ত করিয়া মৌখিক পরীক্ষা গ্রহণের নিমিত্ত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করিবেন।

০৪। লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বর 'মুসক এজেন্ট নিয়োগ লিখিত পরীক্ষা' এর উত্তীর্ণের মান হিসাবে বিবেচিত হইবে।

০৫। এই আদেশ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জারি করা হইল, যাহা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

হাছান মুহম্মদ তারেক
০১.০৮.১৯

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

[তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]